



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY
তথ্য ও গণসংযোগ বিভাগ
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



প্রেস বিজ্ঞপ্তি

০৩ আগস্ট ২০২২

বাউবিতে শোকাবহ আগস্ট উপলক্ষে স্বাস্থ্য ক্যাম্প



সমন্বিত স্বাস্থ্য ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

শোকাবহ আগস্ট উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় গাজীপুর ক্যাম্পাসের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব সম্মেলন ও প্রশিক্ষণ কেন্দ্রে আজ ০৩ আগস্ট ২০২২ বাউবিতে সমন্বিত স্বাস্থ্য ক্যাম্প-২০২২ এবং হেপাটাইটিস-বি, টাইফয়েড, নিউমোনিয়া ও ক্যান্সার প্রতিরোধে দিনব্যাপী ভ্যাক্সিনেশন ও সচেতনতামূলক কর্মসূচি অনুষ্ঠিত হয়। বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির ডিন অধ্যাপক ডা. সবকার মো. নোমান এর সভাপতিত্বে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথির বক্তব্যে বলেন, স্বাস্থ্য সচেতনতার পাশাপাশি ভ্যাক্সিনেশন খুব জরুরি। স্বাস্থ্য ভাল থাকলে পারিবারিক ও সামাজিক জীবনে সুখে থাকা যায়। করোনাকালে আমরা দেখেছি, বিশ্বব্যাপী ভ্যাক্সিনেশন এবং পাশাপাশি হালকা ব্যায়ামের পরামর্শ দিতেন চিকিৎসা বিজ্ঞানীরা। এ সময় খাদ্যাভ্যাস, চলাফেরা এবং রোগ প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন থাকার পরামর্শ দেন উপাচার্য। একই সাথে নির্দিষ্ট সময়ে বাউবি পরিবারের সকলকে হেপাটাইটিস-বি সহ অন্যান্য রোগ প্রতিষেধক ভ্যাক্সিনও গ্রহণেরও পরামর্শ দেন তিনি।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল ও ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেডের আঞ্চলিক ব্যবস্থাপক মো. শহীদুল ইসলাম। ইনসেপ্টা ভ্যাকসিন লিমিটেডের সহযোগীতায় ভ্যাক্সিনেশন কর্মসূচি অনুষ্ঠিত হয়। এছাড়াও বাউবির স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির শিক্ষার্থীদের সহযোগীতায় এবং এসএসটি ও মেডিকেল শাখার আয়োজনে দিনব্যাপী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও তাদের পরিবারসহ প্রায় শতাধিক সদস্য সমন্বিত স্বাস্থ্য ক্যাম্প সেবা গ্রহণ করেন।

উদ্দিন

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)